আজকের কাগজ

26 JUL 1992

তারিখ 26 JUL 1992

পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

### গতকালও প্রায় দু'শ' রাউন্ড গুলি চলেছে

# বিশ্ববিদ্যালয় পরিস্থিতি দিন দিন নাজুক হয়ে পড়ছে ।। পুলিশ নিষ্ক্রিয়

**কাগজ প্রতিবেদক** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিরাজমান প্রতিকূল পরিস্থিতি নিয়ে কোনো পক্ষেরই কার্যকর উদ্যোগ গ্রহণের লক্ষণ নেই। দু'মাস ধরে জহুরুল হক হল, এস এম হল ও জগন্নাথ হলের আবাসিক ছাত্র এবং হল সংলগ্ন আবাসিক শিক্ষকদের এক রকম বিনিদ্র রজনী কাটছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, ডিউটিরত পুলিশ বাহিনী কিম্বা ছাত্র সংগঠন কাউকেই ফলদায়ক উদ্যোগ গ্রহণে এগিয়ে আসতে দেখা যাচ্ছে না। অবশ্য গত ২১ জুলাই ক্যাম্পাস পরিস্থিতিকে বিস্ফোরণোম্মুখ বলে বর্ণনা করেন এবং যে কোনো মুহূর্তে রক্তক্ষয়ী সংঘর্ষ বাধতে পারে বলে অভিমত ব্যক্ত করেন। সঙ্গে সঙ্গে পুলিশ বাহিনীকে সন্ত্রাসী–অস্ত্রধারীদের গ্রেফতারের দাবি জানান। কিন্তু পুলিশ বাহিনীর কাছে সন্ত্রাসীদের গ্রেফতারের এই 'কাতর প্রার্থনা' যথারীতি অরণ্যে রোদন'। পুলিশের উপস্থিতিতে বন্দুক যুদ্ধ হচ্ছে। তারা সাধারণ পাবলিকের মতোই দর্শক সেজে উপভোগ করছেন। ক্যাম্পাসে বিপুলসংখ্যক পুলিশও ডিউটি দিচ্ছে অস্ত্রধারীরাও তাদের কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে।

গত ২৭ মে থেকে জহুরুল হক হল ছাত্রলীগের মন্টু গ্রুপ সশস্ত্র অভ্যুত্থানের মাধ্যমে দখল করে নিলে বিতাড়িত ছাত্রলীগ (ম-ই) গ্রুপ এস এম হল ও জগন্নাথ হলে আশ্রয় নেয়। সেই থেকে রুটিনমাফিক দু'পক্ষের মধ্যে বন্দুক যুদ্ধ চলে আসছে। গতকাল দুপুরেও দু'পক্ষের মধ্যে প্রায় দেড় ঘণ্টা যাবৎ বন্দুক যুদ্ধে কমপক্ষে ২শ' রাউন্ড গুলি বিনিময় হয়েছে। সকাল সাড়ে ১১টায় এই যুদ্ধ শুরু হয়।

এদিকে দক্ষিণ পাড়ার এই তিনটি হলে অবনতিশীল পরিস্থিতির কারণে ঐ হলগুলোর অনার্স ও মাস্টার্স পরীক্ষার্থীরা লেখাপড়া করতে পারছে না। অনেকেই হল থেকে নিরাপদে অন্যত্র চলে গেলেও যারা আছেন তারা নিরাপত্তাহীনতার ভেতর দিন কাটাচ্ছেন।